

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৯০

ধর্মনগর, ৫ অক্টোবর, ২০২৪

ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস

পরিশ্রম আর সততাই হল সাফল্যের মূল চাবিকাঠি : মৎস্যমন্ত্রী

ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস আজ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করা হয়। এ উপলক্ষে মহাবিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, বিধায়ক বিনয়ভূষণ দাস, বিধায়ক যাদবলাল দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ, কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু শর্মা, জেলার অতিরিক্ত পুলিশ সুপার জে দার্লং, সমাজসেবী কাজল দাস, সমাজসেবী বিবেকানন্দ ভট্টাচার্য প্রমুখ।

অনুষ্ঠানে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেন, পরিশ্রম আর সততাই হল সাফল্যের মূল চাবিকাঠি। বর্তমান প্রতিযোগিতার যুগে কঠোর পরিশ্রম ছাড়া সফলতা আসেনা। পরিশ্রম করেই নিজেদের ক্যারিয়ার গঠন করতে হবে। লেখাপড়ার সাথে সাথে দক্ষতা উন্নয়নের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও বলেন, ছাত্রছাত্রীদের মধ্যে মানবিক মূল্যবোধ জাগ্রত করতে হবে। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, লেখাপড়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের সেবামূলক কাজ করতে হবে। ছাত্রছাত্রীদের মধ্যে সততা, সাহস, নিষ্ঠা থাকতে হবে। মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা দিবস পালন উপলক্ষে বৃক্ষরোপন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

\*\*\*\*\*